গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
আইসিটি সেল,

www.fid.gov.bd

**ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৫-২০২৬ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা বিষয়ক অনলাইন সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | ফরিদা ইয়াসমিন<br>যুগ্মসচিব ও চীফ ইনোভেশন অফিসার, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ। |
| সভার তারিখ | ৩১ মার্চ ২০২৬, মঙ্গলবার |
| সভার সময় | বেলা ০৩:০০ টা |
| স্থান | অনলাইন (জুম সফটওয়্যার) |
| উপস্থিতি | |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য ইনোভেশন টিমের সদস্য-সচিব জনাব চন্দন পালকে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে তিনি সভাকে অবহিত করেন যে, গত ০৬ নভেম্বর ২০২৫ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগ হতে ইনোভেশন টিম গঠন ও এর কার্যপরিধি নির্ধারণ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করা হয়। প্রজ্ঞাপনের নির্দেশনা মোতাবেক আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ তাদের ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করে। উক্ত কর্মপরিকল্পনাসমূহের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আজকের সভাটি আয়োজন করা হয়েছে।

০২। এ পর্যায়ে সভাপতি বলেন যে, আজকের আলোচনায় ২০২৫-২৬ অর্থবছর মেয়াদে ইনোভেশন কর্মপরিকল্পনার অগ্রগতির পাশাপাশি শোকেসিং আয়োজনসহ অন্যান্য বিষয়েও আলোচনা করা হবে। তিনি দপ্তর/সংস্থাসমূহের ইনোভেশন অফিসারগণকে তাদের কর্মপরিকল্পনার অগ্রগতি তুলে ধরার জন্য অনুরোধ জানান। তৎপ্রেক্ষিতে এ বিভাগের আওতাধীন নিয়ন্ত্রক সংস্থা, রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংকসহ অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের অগ্রগতি তুলে ধরেন। অগ্রগতি পেশকালে বাংলাদেশ ব্যাংক, বিএসইসি, এসডিএফ ও পিকেএসএফ অন্যান্য প্রতিষ্ঠানের তুলনায় পিছিয়ে থাকায় তাদেরকে ইনোভেশন সংক্রান্ত বেসিক প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজনের জন্য সভাপতি মহোদয় পরামর্শ প্রদান করেন। তিনি আরও বলেন যে, তৃণমূল পর্যায়ে ইনোভেশনের প্রচার ও প্রসারের জন্য সকল দপ্তর/সংস্থা-কে কাজ করতে হবে। এছাড়া, সভায় টেকনোলজি ট্রান্সফার বিষয়েও আলোচনা হয়।

০৩। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক. সকল দপ্তর/সংস্থা-কে ইনোভেশন শোকেজিং ১৪ মে,২০২৬ সালের মধ্যে সমাপ্ত করতে হবে;

খ. বাংলাদেশ ব্যাংক, বিএসইসি, এসডিএফ ও পিকেএসএফ- এই ৪টি প্রতিষ্ঠান ইনোভেশন সংক্রান্ত বেসিক প্রশিক্ষণ এপ্রিল, ২০২৬ এর মধ্যে আয়োজন করবে। এ বিভাগের চীফ ইনোভেশন অফিসার প্রশিক্ষণে উপস্থিত থাকবেন;

গ. সকল দপ্তর/সংস্থা-কে নিম্নরূপ ২টি তালিকা প্রস্তুত করতে হবে:
   i. ইতোমধ্যে যেসকল সেবা ডিজিটালাইজড হয়েছে তার হালনাগাদকৃত তালিকা;
   ii. এবং ডিজিটালাইজড হয়নি কিন্তু সেবা সহজীকরণ হয়েছে তার তালিকা;

ঘ. প্রত্যেক দপ্তর/সংস্থা-কে ডিজিটালাইজড ও সহজীকৃত সেবাসমূহের প্রসেস ম্যাপ ৩(গ) অনুচ্ছেদে বর্ণিত তালিকা অনুযায়ী কমপাইল এবং বই আকারে তৈরি করতে হবে;

ঙ. টেকনোলজি ট্রান্সফার বিষয়ে এপ্রিল, ২০২৬ এর ২য় সপ্তাহের মধ্যে দপ্তর/সংস্থার আইটি প্রধানদের নিয়ে সভা আয়োজন করা হবে;

চ. বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন কর্তৃক বাস্তবায়িত লোন ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার টেকনোলজি ট্রান্সফারের মাধ্যমে ৫টি ব্যাংকে দ্রুত চালু করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ছ. প্রতি অর্থবছরের এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ইনোভেশন খাতে বাজেট বরাদ্দের জন্য এ বিভাগ হতে পত্র প্রেরণ করার উদ্যোগ গ্রহণ করা হবে; এবং

জ. তৃণমূল পর্যায়ে ইনোভেশনের প্রচার ও প্রসারের জন্য সকল দপ্তর/সংস্থার ইনোভেশন টিম-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৪। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০২-০৪-২০২৬
ফরিদা ইয়াসমিন
যুগ্মসচিব ও চীফ ইনোভেশন অফিসার, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
ফোন : ০২-৫৫১০১১৫৬
ইমেইল : js.law@fid.gov.bd

তারিখ: ১৯ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ / ০২ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৫৩.০০.০০০০.০০০.২০১.৫৮.০০০১.২৬.৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।।
২। চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
৩। চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
৪। এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
৫। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, সোনালী ব্যাংক পিএলসি (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।।
৬। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, রূপালী ব্যাংক পিএলসি (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
৭। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, অগ্রণী ব্যাংক পিএলসি (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
৮। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, জনতা ব্যাংক লিমিটেড (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
৯। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
১০। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বেসিক ব্যাংক পিএলসি (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
১১। ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
১২। ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
১৩। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি, (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
১৪। ব্যবস্থাপনা পরিচালক, কর্মসংস্থান ব্যাংক (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
১৫। ব্যবস্থাপনা পরিচালক, আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
১৬। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
১৭। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
১৮। ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
১৯। ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
২০। ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
২১। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।

২২। পরিচালক, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
২৩। ব্যবস্থাপনা পরিচালক, সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
২৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম)।
২৫। নির্বাহী প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (দৃ:আ: ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম) এবং
২৬। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০২-০৪-২০২৬
চন্দন পাল
সদস্য-সচিব (ইনোভেশন টিম, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ)